তারিখ ... 09 SEP 2016 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২ ...

দৈনিক
আমাদের সময়

কলসিন্দুরের ফুটবলকন্যাদের হুমকি, শিক্ষক সাময়িক বরখাস্ত

নিজস্ব প্রতিবেদক, ময়মনসিংহ ও ধোবাউড়া প্রতিনিধি ●

এএফসি অনূর্ধ্ব-১৬ নারী ফুটবলের বাছাই পর্বে অপরাজিত চ্যাম্পিয়ন হওয়া বাংলাদেশ দলের নয় ফুটবলারকে জুতাপেটা করে স্কুল থেকে বহিষ্কারের হুমকি দিয়েছেন তাদেরই শিক্ষা প্রতিষ্ঠান ধোবাউড়া উপজেলার কলসিন্দুর স্কুল অ্যান্ড কলেজের শরীরচর্চার শিক্ষক জুবেদ তালুকদার। এর প্রতিবাদ করেছিলেন অনূর্ধ্ব-১৬ দলের গোলকিপার তাসলিমার বাবা সবুজ মিয়া। এজন্য ওই শিক্ষক তাকে মারধর করেছেন; দিয়েছেন হত্যার হুমকিও। বুধবার রাত আনুমানিক ৮টায় কলসিন্দুর বাজারে মারধরের ঘটনাটি ঘটে। এ ঘটনায় থানায় মামলা করেছেন সবুজ মিয়া। এ ছাড়া স্কুল কর্তৃপক্ষ জরুরি সভা ডেকে ওই শিক্ষককে চাকরি থেকে সাময়িক বরখাস্ত করেছে।

তাসলিমা ও তার বাবা সবুজ মিয়া

জানা গেছে, বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সিদ্ধান্তের বিরুদ্ধে গিয়ে ওই শিক্ষকের কথামতো কুমিল্লায় একটি ম্যাচে খেলতে অপারগতা প্রকাশ করেছিল কলসিন্দুরের ফুটবলার মেয়েরা। এ কারণেই এমন হুমকি দেন জুবেদ তালুকদার।

এএফসি অনূর্ধ্ব-১৬ নারী ফুটবলারদের ওপর একের পর এক আঘাত এসেই যাচ্ছে। এএফসি কাপ টুর্নামেন্টের বাছাই

এরপর পৃষ্ঠা ১১, কলাম ৭

কলসিন্দুরের ফুটবল কন্যাদের হুমকি

(প্রথম পৃষ্ঠার পর) পর্বে চ্যাম্পিয়ান হওয়া শেষে লোকাল বাসে বাড়ি ফেরা ও উত্ত্যক্তের শিকার হওয়ার পর এবার তাদের স্কুল থেকে বের করে দেওয়ার হুমকি দিলেন ওই শিক্ষক।

কলসিন্দুর স্কুল অ্যান্ড কলেজের শিক্ষক, ফুটবলার মেয়ে ও তাদের অভিভাবক এবং স্থানীয় সূত্রে জানা যায়, এএফসি অনূর্ধ্ব-১৬ বাছাইপর্বে গ্রুপ চ্যাম্পিয়ন হওয়া দলের নয় সদস্য গত মঙ্গলবার বিকালে ধোবাউড়া উপজেলার কলসিন্দুরে ফেরে। বুধবার বিকালে কলসিন্দুর স্কুল অ্যান্ড কলেজে ওই নয়জন ফুটবলার ও তাদের অভিভাবকদের সঙ্গে স্কুল কর্তৃপক্ষ সভা করে। সভায় অধ্যক্ষ জালাল উদ্দিনসহ অন্য শিক্ষকরা উপস্থিত ছিলেন।

এ সময় জুবেদ তালুকদার মেয়েদের বলেন, ১৭ সেপ্টেম্বর কুমিল্লায় একটি স্কুলের সঙ্গে কলসিন্দুর স্কুল অ্যান্ড কলেজের স্কুল শাখার মেয়েদের গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার একটি ফুটবল ম্যাচ হবে। অনূর্ধ্ব-১৬ দলের নয়জনকেই ওই খেলায় অংশ নিতে হবে। তখন মেয়েরা জানায়, বাফুফের নির্দেশনা অনুযায়ী ১৬ সেপ্টেম্বর তাদের বাফুফেতে উপস্থিত হতে হবে। ১৭ সেপ্টেম্বর এএফসি কাপের গ্রুপ পর্বের সাফল্যের জন্য বাফুফে মেয়েদের সংবর্ধনা দেবে। তার পরদিন ১৮ সেপ্টেম্বর থেকে শুরু হবে সাফ গেমসের অনুশীলন। ফলে মেয়েরা বাফুফের সংবর্ধনা ও সাফ গেমসের অনুশীলন বাদ দিয়ে স্কুলের ম্যাচ খেলতে অনাগ্রহ প্রকাশ করে।

এতে জুবেদ তালুকদার ক্ষিপ্ত হয়ে মেয়েরা ও তাদের অভিভাবকদের উদ্দেশে বলেন, স্কুলের সিদ্ধান্ত না মানা বেয়াদব মেয়েদের জুতাপেটা করে বের করে দেওয়া হবে। আপনারা (অভিভাবকেরা) মেয়েদের স্কুল থেকে নিয়ে যান। এ সময় অধ্যক্ষসহ অন্য শিক্ষকেরা উপস্থিত থাকলেও কেউ জুবেদ তালুকদারের কথার প্রতিবাদ করেননি। তবে তাসলিমার বাবা সবুজ মিয়াসহ কয়েকজন অভিভাবক জুবেদ তালুকদারের কথার প্রতিবাদ করলে বাগ্‌বিতণ্ডায় সভা শেষ হয়ে যায়।

বুধবার রাতে কলসিন্দুর বাজারের মহিলা মার্কেট এলাকায় সবুজ মিয়া স্থানীয় কয়েকজনের সঙ্গে স্কুলের সভার বিষয়টি নিয়ে আলোচনা করছিলেন। ওই সময় জুবেদ তালুকদার এসে সবুজ মিয়াকে গালাগালি ও কিলঘুষি মারতে শুরু করেন। পরে বাজারের লোকজন এসে জুবেদ তালুকদারকে থামান।

এ ব্যাপারে সবুজ মিয়া জানান, মেয়েদের স্কুল থেকে বের করে দেওয়ার কথা বললে তিনি এর প্রতিবাদ করেন। এ ঘটনার জের ধরে তিনি (জুবেদ) তাকে মেরেছেন। খবর পেয়ে রাতেই পুলিশ ঘটনাস্থলে যায়। গতকাল সকালে সবুজ মিয়া বাদী হয়ে ধোবাউড়া থানায় জুবেদ তালুকদারকে আসামি করে মামলা করেন।

এ ব্যাপারে অনূর্ধ্ব-১৬ জাতীয় নারী ফুটবল দলের গোলকিপার তাসলিমা জানান, স্কুলের সকালের ঘটনার জের ধরে তার বাবাকে মারধর করেছেন ওই শিক্ষক। সবুজ মিয়া অভিযোগ করেন, তাকে মারধর করে প্রাণনাশের হুমকি দেওয়া হয়েছে।

তবে জুবেদ তালুকদার অভিযোগ অস্বীকার করে জানান, রাতে সবুজ মিয়ার সঙ্গে তার কথা-কাটাকাটি হয়েছে। মারধরের অভিযোগটি সঠিক নয়। এটা অপপ্রচার করা হচ্ছে। কলসিন্দুর স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ জালাল উদ্দিন জানান, ঘটনা কিছুটা ঘটেছে। তবে অতিরঞ্জিত হয়ে মানুষের মুখে মুখে প্রচার পাচ্ছে। স্কুল কর্তৃপক্ষ জরুরি সভা করে অভিযুক্ত শিক্ষককে সাময়িক বরখাস্তের সিদ্ধান্ত নিয়েছে। ধোবাউড়া থানার ওসি শওকত আলম জানান, তাসলিমার বাবা সবুজ মিয়ার লিখিত অভিযোগের পরিপ্রেক্ষিতে মামলা রেকর্ড করা হয়েছে। আইন অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে।